



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৫৭

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিনিয়োগকৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য সেবামূল্যের হার ৮% এবং উক্ত সেবামূল্য ৮% এর বিভাজন নিম্নোক্তভাবে নির্ধারিত রয়েছে:

ক্র. নং	খাতের নাম	সেবামূল্যের বিভাজন	মন্তব্য
০১	উপজেলা দপ্তরের জনবলের বেতন-ভাতা	৬%	
০২	উপজেলা দপ্তরের প্রশাসনিক ব্যয়	০.৫%	
০৩	প্রকল্প সদর দপ্তরের পরিচালন ব্যয়	০.৫%	
০৪	সমিতির ম্যানেজার কমিশন	০.৫%	
০৫	কু-ঋণ তহবিল	০.৫%	
	সর্বমোট	৮%	

২। উপরোক্ত বিভাজন/হার অনুযায়ী আদায়কৃত সেবামূল্যের বিভাজনপূর্বক সফটওয়্যারে পোস্টিং এবং হিসাব সংক্রান্ত জেনারেল লেজার, ক্যাশবহি, সেবামূল্যের বিভাজন সংক্রান্ত রেজিস্টার, কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতার হিস্যা নির্ধারণ সংক্রান্ত রেজিস্টার এ তথ্য হালনাগাদ ও সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, প্রকল্প চলাকালীন সময়ে যাবতীয় প্রশাসনিক ব্যয়ের অর্থ প্রকল্প হতে প্রদান করা হবে বিধায় প্রকল্প সদর দপ্তরের পূর্বানুমোদন ব্যতিত উপজেলা দপ্তরের প্রশাসনিক ব্যয় খাতের কোন অর্থ ব্যয় করা যাবে না।

৩। প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে জারীকৃত এ আদেশ আগামী ১ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

মোহাম্মদ রাশেদুল আলিম
প্রকল্প পরিচালক
০২-৮১৮০১৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- উপপরিচালক, বিআরডিবি, জেলা:------(কর্মসূচিভুক্ত সকল জেলা)।
- উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের এবং চলমান মাইক্রোফিন সফটওয়্যারে বর্ণিত বিভাজন সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- পরিচালক (প্রশাসন/সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- অফিস নথি।